

ইকফাই - এর ক্রীড়া প্রতিযোগিতা শুরু সংবর্ধনা জানানো হল দীপা কর্মকারকে



ইকফাই বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য বিপ্লব হালদার সংবর্ধনা
জানাচ্ছেন জিমন্যাস্ট দীপা কর্মকারকে। ছবি: আজকাল

আজকালের প্রতিবেদন: কমনওয়েলথ গেমসে পদকজয়ী দেশের অন্যতম সেরা জিমন্যাস্ট দীপা কর্মকারকে সংবর্ধনা জানাল ইকফাই বিশ্ববিদ্যালয়। কামালহাট ক্যাম্পাসে পাড়ুয়া ও ফ্যাকাল্টিদের ভিড়ে ঠাসা এক অনুষ্ঠানের মধ্য দিয়ে শুক্রবার ত্রিপুরার রত্ন তথা দেশের গৌরব দীপাকে সম্মানিত করা হয়। তুমুল করতালির মধ্যে দীপা কর্মকারকে উত্তরীয় পরিয়ে ও পুষ্পস্তবক দিয়ে সংবর্ধিত করেম বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার। দীপার হাতে একটি স্মারক উপহারও তুলে দেওয়া হয়। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ড. স্নেহলতা বেহরা ও বিভাগীয় প্রধানরা। সংবর্ধনা নেওয়ার পর সংক্ষিপ্ত ভাষণে দীপা

কর্মকার জানান, সদর উত্তরে এর আগে তিনি কখনওই আসেননি। কামালহাটের মতো জায়গায় উচ্চশিক্ষার এত সুন্দর পরিকাঠামো রয়েছে তা তিনি জানতেনই না। ইকফাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে দীপা বলেন, আজকের সংবর্ধনা তাঁকে আন্তর্জাতিক জিমন্যাস্টিক্সের আসরে কাঙ্ক্ষিত সাফল্য পেতে উৎসাহ জোগাবে। সংবর্ধনা অনুষ্ঠান শেষে বিশ্ববিদ্যালয়ের ৩ দিনের ক্রীড়া প্রতিযোগিতা ইকখালন ২০১৪-র শুভ সূচনা করেন দীপা কর্মকার। এর আগে অনুষ্ঠানের শুরুতে স্বাগত ভাষণ দেন বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার। দীপা কর্মকারের উচ্ছ্বসিত

প্রশংসা করে তিনি জানান, ওঁর মতো আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্রীড়াব্যক্তিত্বকে সংবর্ধনা দিতে পেরে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া এবং সকল স্তরের শিক্ষক-অশিক্ষক কর্মচারী অত্যন্ত আনন্দিত বোধ করছেন। প্রফেসর হালদার বলেন, দীপা কর্মকারের সফল ও একগ্রন্থতাই আজ তাঁকে আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিষ্ঠা দিয়েছে। তিনি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের শারীরিক সক্ষমতা বাড়ানোর জন্য প্রতিনিয়ত খেলাধুলোয় অংশ নেওয়ার আহ্বান জানান। ধন্যবাদসূচক ভাষণে বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ড. স্নেহলতা বেহরা দীপা কর্মকারকে অনুকরণযোগ্য ক্রীড়াব্যক্তিত্ব হিসেবে আখ্যায়িত করেন। তিনি বলেন, নিষ্ঠা, একগ্রন্থতা ও নিবিড় অনুশীলনের কারণেই দীপা নিজেকে সাফল্যের উচ্চ শিখরে নিয়ে যেতে পেরেছেন।

ICFAI felicitates Dipa Karmakar



Professor Biplab Halder presenting a memento to Gymnast Dipa

Times Sports

Agartala, Nov 14: The ICFAI University, Tripura today felicitated Commonwealth Games medalist Dipa Karmakar with due honour and round of applause. The felicitation ceremony was organized at Kamalghat Campus of the University. Dipa Karmakar was found overwhelmingly happy being felicitated by the University. Her father Dulal Karmakar was also present at the felicitation ceremony.

Her happiness came out when Dipa said, she did not visit this area before and not know about such a wonderful infrastructure of higher education at Kamalghat. She also commented that today's honour would encourage her further to perform better in the arena of international gymnastics.

She was handed over a flower bouquet and a memento by Professor Biplab Halder, the Pro-Vice Chancellor of ICFAI University. Later, Dipa formally inaugurated

annual sports competition of the University by hoisting flag. The competition has been named as 'ICTHALON-2014.'

Earlier, speaking at the felicitation ceremony, Professor Biplab Halder said, the students and rank and file of ICFAI University felt very happy today for being able to felicitate an international sports personality like Dipa. She has brought laurels for India and highlighted the name of Tripura in abroad, Professor Halder remarked. He urged upon the students to regularly take part in sports events and physical exercise to keep them fit and sound.

The Registrar Dr. Snehalata Behura, while giving vote of thanks, described Dipa Karmakar an example of sincerity and resolution and said, Dipa has reached the height of success by fixing goal and continuously trying to achieve that. Dr. Behura thanked Dipa Karmakar for accepting the invitation for felicitation and coming in the Campus.

দীপা কর্মকারকে সংবর্ধনা দিল ইকফাই বিশ্ববিদ্যালয়



আগরতলা, ১৪ নভেম্বর ॥ কমনওয়েলথ গেমসে পদক জয়ী দেশের অন্যতম সেরা জিমন্যাস্ট দীপা কর্মকারকে সংবর্ধনা জানালো ইকফাই বিশ্ববিদ্যালয়। কামালঘাটস্থিত ক্যাম্পাসে পড়ুয়া ও ফ্যাকাল্টিদের ভিড়ে ঠাসা আনন্দঘন এক অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ত্রিপুরার রত্ন তথা দেশের গৌরব দীপাকে সম্মানিত করা হয়। তুমুল করতালির মধ্যে দীপা কর্মকারকে উত্তরীয় ও পুষ্পস্তবক দিয়ে সংবর্ধিত করেন বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার। দীপার হাতে একটি স্মারক উপহারও তুলে দেওয়া হয়। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ স্নেহলতা বেহেরা ও বিভাগীয় প্রধানগণ। সংবর্ধনা নেওয়ার পর সংক্ষিপ্ত ভাষণে দীপা কর্মকার জানান, সদর উত্তরে এর আগে সে কখনোই আসেনি। কামালঘাটের মত জায়গায় উচ্চশিক্ষার এত সুন্দর পরিকাঠামো রয়েছে তা সে জানতই না। ইকফাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে দীপা বলেন, আজকের সংবর্ধনা তাকে আন্তর্জাতিক জিমন্যাস্টিক্সের আসরে কাঙ্ক্ষিত সাফল্য পেতে উৎসাহ যোগাবে। সংবর্ধনা

অনুষ্ঠান শেষে বিশ্ববিদ্যালয়ের ৩ দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা ইকথলেন-২০১৪'র শুভ সূচনা করেন দীপা কর্মকার। এর আগে অনুষ্ঠানের শুরুতে স্বাগত ভাষণ দেন বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার। দীপা কর্মকারের উচ্ছ্বসিত প্রশংসা করে তিনি জানান, উনার মত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্রীড়াব্যক্তিকে সংবর্ধনা দিতে পেরে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া এবং সকল স্তরের শিক্ষক-অশিক্ষক কর্মচারী অত্যন্ত আনন্দিত বোধ করছে। প্রফেসর হালদার বলেন, দীপা কর্মকারের সংকল্প ও একাগ্রতাই আজ তাকে আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিষ্ঠা দিয়েছে। তিনি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শারীরিক সক্ষমতা বাড়ানোর জন্য প্রতিনিয়ত খেলাধুলায় অংশ নেওয়ার আহ্বান জানান। ধন্যবাদ সূচক ভাষণে বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ স্নেহলতা বেহেরা দীপা কর্মকারকে অনুকরণযোগ্য ক্রীড়াব্যক্তিত্ব হিসাবে আখ্যায়িত করেন। তিনি বলেন, নিষ্ঠা, একাগ্রতা ও নিবিড় অনুশীলনের কারণেই দীপা নিজেকে সাফল্যের উচ্চ শিখরে নিয়ে যেতে পেরেছে।

দীপা কর্মকারকে সংবর্ধনা দিল ইকফাই

আগরতলা।। কমনওয়েলথ গেমসে পদকজয়ী দেশের অন্যতম সেরা জিমন্যাস্ট দীপা কর্মকারকে সংবর্ধনা জানালো ইকফাই বিশ্ববিদ্যালয়। কামালঘাটে ক্যাম্পাসে পড়ুয়া ও ফ্যাকাণ্টিদের ভিড়ে ঠাসা আনন্দঘন অনুষ্ঠানের মধ্যদিয়ে ত্রিপুরার রত্ন তথা দেশের গৌরব দীপাকে সম্মানিত করা হয়।

তুমুল করতালির মধ্যে দীপা কর্মকারকে উত্তরীয় পরিয়ে ও পুষ্পসুবক দিয়ে সংবর্ধিত করেন বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার। দীপার হাতে একটি স্মারক উপহারও তুলে দেওয়া হয়। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ড: স্নেহলতা বেহরা ও বিভাগীয় প্রধানগণ।

সংবর্ধনা নেওয়ার পর সংক্ষিপ্ত ভাষণে দীপা জানান, সদর উত্তরে এর আগে তিনি কখনোই আসেনি। কামালঘাটের মত জায়গায় উচ্চশিক্ষার এত সুন্দর পরিকাঠামো রয়েছে তা জানতেনই না। ইকফাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে দীপা বলেন, এই সংবর্ধনা তাকে আন্তর্জাতিক জিমন্যাস্ট স্কলের আসরে কাঙ্ক্ষিত সাফল্য পেতে উৎসাহ যোগাবে। সংবর্ধনা অনুষ্ঠান শেষে বিশ্ববিদ্যালয়ের ৩ দিনব্যাপী ক্রীড়া



দীপার হাতে পুষ্পসুবক তুলেদেন ইকফাইয়ের সহ উপাচার্য বিপ্লব হালদার।

প্রতিযোগিতার সূচনা করেন দীপা।

এর আগে অনুষ্ঠানের শুরুতে স্বাগত ভাষণ দেন বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার। দীপা কর্মকারের উচ্ছ্বসিত প্রশংসা করে তিনি জানান, তার মত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্রীড়া ব্যক্তিত্বকে সংবর্ধনা দিতে পেরে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া এবং সকল স্তরের শিক্ষক অশিক্ষক কর্মচারী অত্যন্ত আনন্দিত বোধ করছে। প্রফেসর হালদার বলেন, দীপার সংকল্প ও একাগ্রতাই আজ তাকে

আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিষ্ঠা দিয়েছে। তিনি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের শারীরিক সক্ষমতা বাড়ানোর জন্য প্রতিনিয়ত খেলাধুলার অংশ নেওয়ার আহ্বান জানান।

ধন্যবাদসূচক ভাষণে বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ড: স্নেহলতা বেহরা দীপা কর্মকারকে অনুকরণযোগ্য ক্রীড়াব্যক্তিত্ব হিসাবে আখ্যায়িত করেন। তিনি বলেন, নিষ্ঠা, একাগ্রতা ও নিবিড় অনুশীলনের কারণেই দীপা নিজেকে সাফল্যের উচ্চ শিখরে নিয়ে যেতে পেরেছে।

দীপাকে সংবর্ধনা জানালা ইকফাই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪
নভেম্বর : কমনওয়েলথ্ গেমসে
পদকজয়ী জিমন্যাস্ট দীপা কর্মকারকে
সংবর্ধনা জানালো ইকফাই
বিশ্ববিদ্যালয়। কামালঘাটস্থিত
ক্যাম্পাসে পড়ুয়া ও ফ্যাকাল্টিদের এক
অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দীপাকে
সম্মানিত করা হয়। দীপা কর্মকারকে
উত্তরীয় পরিয়ে ও পুষ্পস্তবক দিয়ে
সংবর্ধিত করেন বিশ্ববিদ্যালয়ের সহ-
উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার।
দীপার হাতে একটি স্মারক উপহারও
তুলিয়ে দেওয়া হয়। অনুষ্ঠানের মধ্যে
উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের
নিবন্ধক ডঃ স্নেহলতা বেথরা ও
বিভাগীয় প্রধানগণ। সংবর্ধনা নেবার
পর সংক্ষিপ্ত ভাষণে ইকফাই
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ
জানিয়ে দীপা বলেন, আজকের
সংবর্ধনা তাকে আন্তর্জাতিক
জিমন্যাস্টিক্সের আসরে কাঙ্ক্ষিত
সাফল্য পেতে উৎসাহ জোগাবে।
সংবর্ধনা অনুষ্ঠানশেষে বিশ্ববিদ্যালয়ের
তিনদিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতার
সূচনা করেন দীপা কর্মকার।

দীপা কর্মকারকে সংবর্ধনা দিল ইকফাই বিশ্ববিদ্যালয়

আগরতলা।। কমনওয়েলথ গেমসে পদকজয়ী দেশের অন্যতম সেরা জিমন্যাস্ট দীপা কর্মকারকে সংবর্ধনা জানালো ইকফাই বিশ্ববিদ্যালয়। কামালঘাটস্থিত ক্যাম্পাসে পড়ুয়া ও ফ্যাকাশ্টিদের ভিড়ে ঠাসা আনন্দঘন এক অনুষ্ঠানের মধ্যদিয়ে আজ ত্রিপুরার রত্ন তথা দেশের গৌরব দীপাকে সম্মানিত করা হয়। দীপা কর্মকারকে উত্তরীয় পরিয়ে ও পুষ্পস্তবক দিয়ে সংবর্ধিত করেন বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার। দীপার হাতে একটি স্মারক উপহারও তুলে দেওয়া হয়। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ স্নেহলতা বেহরা ও বিভাগীয় প্রধানরা।

সংবর্ধনা নেওয়ার পর সংক্ষিপ্ত ভাষণে দীপা কর্মকার জানান, সদর উত্তরে এর আগে সে কখনোই আসেনি। কামালঘাটের মত জায়গায় উচ্চ শিক্ষার এত সুন্দর পরিকাঠামো রয়েছে তা সে জানতই না। ইকফাই বিশ্ববিদ্যালয় কতৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে দীপা বলেন, আজকের সংবর্ধনা তাকে আন্তর্জাতিক জিমন্যাস্ট স্নের আসরে কাঙ্ক্ষিত সফল্য পেতে উৎসাহ যোগাবে। সংবর্ধনা

অনুষ্ঠান শেষে বিশ্ববিদ্যালয়ের ৩ দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা ইকফালন ২০১৪ শুভ সূচনা করে দীপা কর্মকার।

এর আগে অনুষ্ঠানের শুরুতে স্বাগত ভাষণ দেন বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার। দীপা কর্মকারের উচ্ছ্বসিত প্রশংসা করে তিনি জানান, উনার মত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্রীড়াব্যক্তিত্বকে সংবর্ধনা দিতে পেরে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া এবং সকল স্তরের শিক্ষক-অশিক্ষক কর্মচারী অত্যন্ত আনন্দিত বোধ করছে। প্রফেসর হালদার বলেন, দীপা কর্মকারের সংকল্প ও একাগ্রতাই আজ তাকে আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিষ্ঠা দিয়েছে। তিনি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শারীরিক সক্ষমতা বাড়ানোর জন্য প্রতিনিয়ত খেলাধুলায় অংশ নেওয়ার আহ্বান জানান।

ধন্যবাদসূচক ভাষণে বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ স্নেহলতা বেহরা দীপা কর্মকারকে অনুকরণযোগ্য ক্রীড়াব্যক্তিত্ব হিসাবে আখ্যায়িত করেন। তিনি বলেন, নিষ্ঠা একাগ্রতা ও নিবিড় অনুশীলনের কারণেই দীপা নিজেকে সাফল্যের উচ্চ শিখরে নিয়ে যেতে পেরেছে।



MS. DIPAKARMAKAR
COMMONWEALTH GAMES MEDALIST

শুক্রবার ইকফাই ইউনিভার্সিটিতে সংবর্ধনা প্রদান করা হয় আন্তর্জাতিক জিমন্যাস্ট দীপা কর্মকারকে। ছবি-নিজস্ব